

দুর্নীতি দমন কমিশন

প্রধান কার্যালয়

১ সেগুনবাগিচা, ঢাকা

নৈতিকতা কমিটির ২০২২-২৩/৩ নং সভার কার্যবিবরণী

সভাপতি : মোঃ মাহবুব হোসেন  
সচিব

সভার তারিখ : ০৬/০৩/২০২৩ খ্রিঃ

সময় : সকাল ১১.০০টা

স্থান : কনফারেন্স কক্ষ


উপস্থিতি : পরিশিষ্ট-ক

সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভার শুরুতেই গত ২২/১২/২০২২ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত নৈতিকতা কমিটির ২০২২-২৩/২ নং সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন করা হয়। উক্ত সভার সকল সিদ্ধান্ত সম্পূর্ণরূপে বাস্তবায়িত হওয়ায় সভাপতি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। অতঃপর, ২০২২-২৩ অর্থবছরের শুদ্ধাচার কর্মপরিকল্পনার ৩য় কোয়ার্টারের লক্ষ্যমাত্রা বাস্তবায়ন অগ্রগতির বিষয়ে পরিচালক (NIS এবং UNCAC Focal Point) উপস্থিত সকলকে অবহিত করেন। সভায় ২০২২-২৩ সালের শুদ্ধাচার কর্মপরিকল্পনা বিস্তারিত পর্যালোচনাপূর্বক নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক্র.নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
১।	বিভিন্ন মন্ত্রণালয় ও রাষ্ট্রীয় প্রতিষ্ঠানে শুদ্ধাচার ফোকাল পারসনদের সাথে মতবিনিময় সভা আয়োজনের ব্যাপারে আলোচনা হয়। ৩য় কোয়ার্টারে ০১ টি মতবিনিময় সভা আয়োজনের লক্ষ্যমাত্রা ছিল।	প্রয়োজনীয় তথ্যাদি চেয়ে সংশ্লিষ্ট দপ্তরে তথ্য চাওয়া হয়েছিল। অদ্যাবধি কোনরূপ তথ্যাদি না পাওয়ায় ৩য় কোয়ার্টারে ফোকাল পারসনদের সাথে মতবিনিময় সভাটি করা সম্ভব হচ্ছে না। বিকল্প উৎস থেকে তথ্য সংগ্রহ করে ৪র্থ কোয়ার্টারে সভাটি আয়োজনের ব্যবস্থা গ্রহণ করা হবে।	মহাপরিচালক (প্রতিরোধ)
২।	দুর্নীতি দমন কমিশনের বার্ষিক ক্রয় পরিকল্পনার যথাযথ বাস্তবায়ন (রাজস্ব এবং উন্নয়ন বাজেটের) বিষয়ের আলোচনা হয়। ক্রয় পরিকল্পনা বাস্তবায়নের পরিমাণ লক্ষ্যমাত্রার চেয়ে কম হওয়ার বিষয়টি আলোচিত হয়। সরকারের কৃচ্ছসাধন নীতি অনুসরণ করায় ক্রয় পরিকল্পনা লক্ষ্যমাত্রা অনুযায়ী অর্জিত হয়নি।	কৃচ্ছসাধন নীতি প্রতিপালনের পাশাপাশি ক্রয় পরিকল্পনা যথাযথ বাস্তবায়নের প্রচেষ্টা অব্যাহত থাকবে।	মহাপরিচালক (প্রশাসন)
৩।	শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন নিয়ে সভায় আলোচনা হয়। ২০২২-২৩ সালের ৩য় কোয়ার্টারে ০১ টি শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন করার লক্ষ্যমাত্রা আছে।	৩য় কোয়ার্টারের মধ্যেই লক্ষ্যমাত্রা অনুযায়ী শুদ্ধাচার সংক্রান্ত ০১ টি প্রশিক্ষণ আয়োজন করা হবে।	মহাপরিচালক (প্রশিক্ষণ ও আইসিটি)

ক্র.নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
৪।	দুর্নীতি দমন কমিশনের বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন নিয়ে আলোচনা হয়। সরকারের কৃচ্ছসাধন নীতি চলমান থাকায় বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন লক্ষ্যমাত্রা পূরণ হয়নি।	কৃচ্ছসাধন নীতি প্রতিপালনের পাশাপাশি যতদূর সম্ভব বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন করা হবে।	পরিচালক (সুশাসন)

পরিশেষে, সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
 মোঃ মাহবুব হোসেন  
 সচিব

ফোন: ০২-৫৮৩১৬২০৭

Email: secretary@acc.org.bd

স্মারক নং: ০০.০১.০০০০.৩১০.৩১.০০১.২২.২০২৩-

২০৭২৬ (০৩)

তারিখ: ০৫ চৈত্র ১৪২৯  
 ১৯ মার্চ ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১। মহাপরিচালক (সকল), দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা;
- ২। পরিচালক (প্রতিরোধ ও গণসচেতনতা- ১), দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা;
- ৩। পরিচালক (প্রশিক্ষণ ও গবেষণা), দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা;
- ৪। পরিচালক (প্রশাসন), দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা;
- ৫। পরিচালক (সুশাসন), দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা;
- ৬। সিস্টেম এনালিস্ট (তথ্য ও প্রযুক্তি সেল), দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৭। উপরিচালক (উন্নয়ন সহযোগী সমন্বয়), দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা
- ৮। উপপরিচালক (জনসংযোগ), দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা
- ৯। অফিস কপি।

গোলাম শাহরিয়ার চৌধুরী  
 পরিচালক (NIS এবংUNCAC Focal Point)